আলমডাঙ্গায় গ্রাম্য মন্ডলকে পাগড়ি প্রদান

আলমডাঙ্গার বাড়াদি বাজার পাড়ায় গ্রাম্য মন্ডলি ও পাগড়ি প্রদান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বেলা ১১ টার দিকে বাড়াদি গ্রামের বাজার পাড়ার মুনসুর আলিকে পাগড়ি পড়িয়ে গ্রাম্য মন্ডল প্রধানের দায়িত্ব প্রদান করা হয়।

অনুষ্ঠানে কুমারী, জেহালা ও বাড়াদি ইউনিয়নের ১৬ টি গ্রামের মন্ডল প্রধানরা উপস্থিত ছিলেন।

কলিমুদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আজিজুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন কলিমুদ্দিন, বাড়াদি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মকবুল হোসেন, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শাকিল হোসেন, সাধারণ সম্পাদক ইলিয়াস হোসেন, জালাল উদ্দিন, মিজানুর রহমান, মোস্তাক আহমেদ স্বপন, তাইজেল হোসেন, মালেক, আ: হামিদ, আজগার, আব্বাস উদ্দিন, আসাদুল হক প্রমুখ।

অনুষ্ঠান শেষে গ্রাম প্রধান হিসেবে মুনসুর আলিকে পাগড়ি প্রদান করা হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতালে বেড়েছে রোগীর চাপ

শীতজনিত কারণে মেহেরপুর জেনারেল হাসপাতালে বাড়তে শুরু করেছে শ্বাসকষ্টজনিত রোগীর চাপ। মেহেরপুর ২৫০ শয্যার হাসপাতালের বহির্বিভাগে এখন রোগীর চাপ বেড়েছে দ্বিগুণের বেশি। কর্তৃপক্ষ বলছে, হাসপাতালটিতে ভর্তি রোগী ও আউটডোরে চিকিৎসা নেওয়া ৩৫ শতাংশই শীতজনিত রোগে আক্রান্ত। যতই বাড়তে শুরু করেছে শীতের সময়,

ততই হাসপাতালে বাড়ছে শ্বাসজনিত রোগীর চাপ। অ্যাজমা, নিউমোনিয়া, ডায়রিয়া, অ্যালার্জি, সর্দি-কাশি যেন আকড়ে ধরেছে মানুষকে।

যদিও শীত তিব্রতা এখন কম তারপরও প্রতিদিনিই বাড়ছে রোগীর সংখ্যা, আগে দৈনিক ৩০-৪০ জন সেবা নিলেও গত কিছুদিন ধরে তা বেড়ে দাঁড়িয়েছে ১৫০-২০০ জনে। আর হাসপাতালটিতে ভর্তি থাকা রোগীর ৩৫ শতাংশই শীতজনিত রোগে আক্রান্ত। আর গত এক সপ্তাহে হাসপাতালটিতে রোগী ভর্তি হয়েছে ৯৮ জন ঠান্ডাজনিত সমস্যা নিয়ে।

এছাড়াও প্রতিদিন গড়ে ৩০-৩৫ জন নতুন রোগী ভর্তি হচ্ছে এবং সুস্থ্য হয়ে বাড়ি যাচ্ছে ২০-২৫ জন। বর্তমানে ডায়রিয়া ওয়ার্ডে ১০ বেডের বিপরীতে ৩২ জন, পুরুষ ও শিশু ওয়ার্ডে ৪০ বেডের বিপরীতে ৯৮ জন মহিলা ও গাইনি ওর্য়াডে ৪০ বেডের বিপরীতে ৮৫ জন চিকিৎসা নিচ্ছে। নতুন রোগীদের মধ্যে বেশির ভাগই শিশু ও বৃদ্ধ। তাই শীতে বাড়তি সতর্কতারও পরামর্শ চিকিৎসকদের।

এ দিকে ১০০ শয্যার হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নিত করার বয়স হয়েছে প্রায় ১ যুগেরও বেশি। কিন্তু পর্যাপ্ত জনবল ও সরঞ্জাম এখনো পৌছাইনি হাসপাতালে। এতে রোগীর সংখ্যা যে হারে বাড়ছে তাতে চিকিৎসা দিতে হিমশিম খাচ্ছে চিকিৎসকরা। অন্যদিকে নিচের পুরুষ ওর্য়াডটি করোনা ওয়ার্ড করায় পুরুষ রোগীদের শিফট করা হয়েছে শিশু ওয়ার্ডে এতে রোগীর চাপে পা ফেলার জায়গা নেই সেখানে।

জেনারেল হাসপাতালের মেডিসিন বিশেষজ্ঞ ডা. আশীষ কুমার দেবনাথ জানান, ক’দিন আগেও হাসপাতালে রোগীর চাপ কম ছিল। কিন্তু দুয়েকদিন ধরে রোগীর সংখ্যা বাড়ছে। আবহাওয়াজনিত কারনে মানুষরা বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে।

হাসপাতালের কনসালটেন্ট (শিশু) ডা. মাহবুবা তাজমিলা জানান, ঠান্ডা জনিত সর্দি-কাশি, ডায়রিয়া, এলার্জি, একিউট ব্রঙকিউলাইটিস, নিউমোনিয়া ইত্যাদি রোগের প্রকোপ এখন বেশি। বিশেষ করে বয়স্ক ও শিশুরা এইসব রোগে বেশি আক্রন্ত হচ্ছে।

আবাসিক মেডিক্যাল অফিসার ডা. মকলেছুর রহমান জানান, বর্তমানে হাসপাতালে রোগীর চাপ একটু বেশি। প্রতিবছরই এইসময়টাতে মানুষজন বিভিন্ন রোগে বেশি আক্রন্ত হয়। আমাদের জনবল সংকট, তারপরও চেষ্টা করছি, যাতে রোগীরা সঠিক সেবা পাই।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলাম

জানান, হাসপাতালে সিনিয়র কনসালটেন্ট মেডিসিন, শিশু, সার্জারি, কার্ডিওলজি, জুনিয়র অর্থ সার্জারি, চক্ষু, গাইনি, এনেসথেসিয়া, প্যাথলজি, রেডিওলজি, চর্ম ও যৌন, আরএমও, রেডিওলজিস্ট, প্যাথলোজিস্ট, মেডিক্যাল অফিসারসহ অন্যান্য পদে ৪২টি সৃষ্ট পদ থাকলেও আছে মাত্র ১৭ জন। ফাঁকা রয়েছে ২৫টি পদ। এদের মধ্যে ১১ জন মেডিক্যাল অফিসারের মধ্যে রয়েছে মাত্র ২ জন। সংকট আর সমস্যা নিয়েই হাসপাতালটিতে চিকিৎসাসেবা চালু রাখা হয়েছে। তবে জনবল কম থাকলেও রোগীদের সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্ট করছি।

মেহেরপুরে বিস্ফোরক মামলায় এক জনের ১০ বছরের জেল

মেহেরপুরে বিস্ফোরক মামলায় বাকীরুল (৩৫) নামের একজনকে দশ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন মেহেরপুর জেলা জজ আদালত।

সোমবার সকালে মেহেরপুরের অতিরিক্ত জেলা জজ রিপতি কুমার বিশ্বাস ১৯০৮ সালের বিস্ফোরক উপাদান আইনের ৩ ও ৪ ধারায় এই রায় ঘোষণা করেন।

আসামী বাকিরুল গাংনী উপজেলার গুচ্ছ গ্রামের মৃত আরজ আলীর ছেলে। রায় ঘোষণার সময় আসামী বাকিরুল পলাতক ছিলেন।

মেহেরপুর সদর থানায় ২০১৩ সালে এই মামলা করা হয়। যার জি, আর নং ছিলো- ৭৭/২০১৩ ও ০৭/১৩।

২০১৩ সালে মেহেরপুর পৌর সভার কাথুলী রোডে মৃত দুখু শাহার ছেলে আব্দুল মান্নানের ভাঙ্গড়ির দোকানের সামনে পাকা রাস্তার উপর বিস্ফোরণ হয়। এ বিষয়ে একটি মামলা হয়। সেই মামলার রায়ে আজ আসামী বাকিরুলের ১০ বছর কারাদন্ড দেয় জেলা জজ আদালত।

এসময় রাষ্টপক্ষের আইনজীবী ছিলেন, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক ও আসামী পক্ষের আইনজীবী ছিলেন রফিকুল ইসলাম।

শৈলকুপায় আওয়ামী মেয়র প্রার্থীর নির্বাচনী ইসতেহার ঘোষণা

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজমের (নৌকা প্রতিক) এর নির্বাচনী ইসতেয়ার ঘোষনা করেছেন।

সোমবার শহরের সরকারী পাইলট স্কুল এলাকায় নৌকা প্রতিকের প্রধান নির্বাচনী কার্যালয়ে এ নির্বাচনী ইশতেহার ঘোষণা করা হয়। আগামী ১৬ জানুয়রী শনিবার প্রথম ইভিএম পদ্ধতিতে এ পৌরসভা নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

নির্বাচনী ইসতেহারে মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজম বলেন, শৈলকুপা পৌরসভার উন্নয়নে আমি অলীক স্বপ্নে বিশ্বাসী নই, বাস্তব স্বপ্ন পূরনে বিশ্বাসী। তিনি শপথ ও অঙ্গীকার করে বলেন, আমি দূর্নীতি করব না এবং কাউকে দূর্নীতি করতে দেবনা। দলমত বর্ণ নির্বিশেষে সবার প্রতি সমান দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করব।

এ পৌরসভার পথে ঘাটে রাস্তায় কোনো পানি জমতে দেবনা। জলাবদ্ধতা নিরসন করব। পৌরসভার ছোট বড় সকল রাস্তা উন্নয়নের আওতায় আনা হবে। পৌর এলাকায় বিদ্যুতের লোড শেডিং হবে না। যানজট নিরসনের লক্ষে পৌরসভার রাস্তা সমুহ সংস্কারসহ প্রয়োজনে আরো নতুন রস্তাা নির্মান করা হবে।

শহরের সৌন্দর্য বৃদ্ধি ও যানজট নিরসনের জন্য কুমার নদের উত্তর পাড় দিয়ে নতুন রাস্তা তৈরী করা হবে।

পৌরসভার প্রতি ইঞ্চি ভূমি উন্নয়নের আওতায় আনা হবে। দিনের বেলা কোন ময়লা আবর্জনা রাস্তায় থাকতে দেয়া হবে না এবং নিজে পরিচ্ছন্নতা কর্মীর তদারকি করবো। কোন শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানের পাশে ডাষ্টবিন থাকবে না।

পৌরবাসীর জন্য ২৪ ঘন্টা বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করা হবে। পৌরবাসীর জন্য একটি বিনোদন পার্ক, ১টি শিশু পার্ক ও অডিটোরিয়াম তৈরি করা করা হবে। এ শহরকে আধুনিক বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তোলা হবে। একটি নতুন কবরস্থান, কেন্দ্রীয় ঈদগাহ নির্মান করা হবে।

এ ছাড়াও একটি পৌর আধুনিক চিকিৎসালয় প্রতিষ্ঠা করা হবে। বিভিন্ন জায়গায় পাবলিক টয়লেট নির্মানসহ মাদকমুক্ত শহর গড়ে তোলা হবে।

পানির বিল, হোল্ডিং ট্যাক্স ও যাবতীয় বিল পুন:বিবেচনা করা হবে জাতীয়, চারিত্রিক, নাগরিক, জন্মÑমৃত্যু এবং ওয়ারিসসহ অন্যান্য সনদপত্র বিনা পয়সায় সরবরাহ করা হবে। শৈলকুপা পৌর শহর সম্পূর্ণভাবে সিসি ক্যামেরা এর আওতায় আনা হবে।

এ নির্বাচনী ইশতেহার ঘোষণাকালে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম আহ্বায়ক সরোয়ার জাহান বাদশা, সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যন নায়েব আলী জোয়ার্দার, শৈলকুপা প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসা, সাধারণ সম্পাদক শাহিন আক্তার পলাশ সহ সাংবাদিক নেতৃবৃন্দ।পরিচালনা করেন সাবেক ছাত্র নেতা রেজাউল ইসলাম রাজু।

ঝিনাইদহে গ্রাম বাংলার ঐতিহ্যবাহী গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত

আবহমান কাল থেকে কৃষকের হালচাষের অবিচ্ছেদ্য অংশ গরু। দেখলেই বোঝার উপায় নেই এই প্রাণীটিও হতে পারে মানুষের বিনোদনের একটি অংশ। প্রতিযোগিতা শুরুর আগেও দেখা যায় তার শান্ত স্বভাব।

কিন্তু জোয়াল কাঁধে দেওয়ার পর কর্তার হাতের ছোঁয়ায় যেন মুহুর্তে পাল্টে যায় চরিত্র। একে অপরকে পেছনে ফেলতে ছুটতে থাকে বিদ্যুৎ গতিতে। যা দেখে উচ্ছ্বছিত হাজার হাজার দর্শক।

গরুর গাড়ির এমন রোমাঞ্চকর প্রতিযোগিতা দেখতে রোববার ঝিনাদিহ

সদর উপজেলার বেতাই গ্রামের মাঠে জড়ো হয়েছিল ঝিনাইদহের বিভিন্ন উপজেলা ও আশপাশের জেলার কয়েক হাজার মানুষ। গান্না ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল ওহাবের আয়োজনে অনুষ্ঠিত হয় এই প্রতিযোগিতা।

ঝিনাইদহ শহর থেকে আসা রুবেল হোসেন নামের এক দর্শক বলেন, গরু গৃহপালিত প্রানী। মানব জীবনে এর উপকারিতার কথা বলে শেষ করা যাবে না। কিন্তু গরুর গাড়ি যে মানুষকে আনন্দ দিতে পারে তা এখানে না এলে বোঝা যাবে না।

শাহেদ নামের আরও একজন বলেন, আধুনিক যুগে এসে গরুর গাড়ির এমন দৌড় প্রতিযোগিতা এই বেতাই গ্রামে এসে দেখে আমাদের খুব ভালো লাগছে। আমরা অনেক দুর থেকে এসছি। আমাদের খুবই ভালো লাগছে। এরকম আয়োজন হলে আমাদের যারা নতুন প্রজন্ম তারা এর সম্পর্কে ভালোভাবে জানতে পারবে। তাই প্রতিনিয়ত আয়োজন করা দরকার।

অনুষ্ঠানের প্রধান অতিথি সাইদুল করিম মিন্টু বলেন, এই গান্না একসময় সন্ত্রাসীদের অভয়ারণ্য ছিল। সেই পরিস্থিতির পরিবর্তন হয়েছে। এখন মানুষ গান্নায় বিনোদনের জন্য আসে। সমাজ থেকে অন্যায় অপরাধ, মাদক দুর করতে হলে এ ধরনের বিনোদনের কোন বিকল্প নেই।

অনুষ্ঠানের আয়োজক সহযোগি জেলা ছাত্রলীগের সাবেক সাধারন সম্পাদক আতিকুল হাসান মাসুম জানান, দিনভর এ খেলায় যশোর, ঝিনাইদহ, মাগুরা ও চুয়াডাঙ্গা থেকে বাছাই করা মোট ৩৮টি রুর গাড়ি অংশ নেয়।

খেলায় প্রথম স্থান অধিকার করেন ঝিনাইদহের মহেশপুর উপজেলার খালিশপুরের আবু সাঈদ। পুরস্কার হিসেবে তার হাতে তুলে দেয়া হয় একটি গরু। দ্বিতীয় স্থান অধিকার করেন যশোর বাঘারপাড়া উপজেলার খালিদুর রহমান। তাকে দেওয়া হয়েছে একটি বাইসাইকেল ও তৃতীয় স্থান অধিকার করেছেন বেতাই গ্রামের আমিরুল খাঁ। তাকে একটি ছাগল উপহার দেওয়া হয়।

অনুষ্ঠানের আয়োজক আব্দুল ওহাব বলেন, গত ৯ বছর যাবত এই প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে। এলাকার মানুষের আনন্দ দেওয়ার জন্য আর গ্রাম বাংলার ঐতিহ্য ধরে রাখতে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। সরকারি পৃষ্টপোষকতা পেলে আগামীতে আরও বড় পরিসরে আয়োজন করা সম্ভব।

ঝিনাইদহ থানার সাথে স্বেচ্ছাসেবী সংগঠনের সমঝোতা চুক্তি

মুজিবশতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগে নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক ব্যক্তিদের জন্য সেবার মানবৃদ্ধি ও সহজতর করার লক্ষ্যে ”হেল্প ডেস্ক” পরিচালনায় ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মিজানুর রহমান স্থানীয় সমমনা স্বেচ্ছাসেবী সংগঠনের নিকট একটি প্রস্তাব দেন।

উভয় পক্ষের মধ্যে সকল বিষয়ে তিন দফা আলোচনার পর রোববার পুলিশ সুপারের সমে¥লন কক্ষে লিখিত ”সমঝোতা চুক্তি” স্বাক্ষর হয়েছে।

এসময় পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার তারেক আল মাহমুদ, অফিসার ইনচার্জ মোঃ মিজানুর রহমান, এনজিও কর্মকর্তা খন্দকার আশরাফুন্নাহার আশা, শরিফা খাতুন, মফিদুন্নেছা শিলা, রেডিও ঝিনুক এর স্টেশন ম্যানেজার পারভীন নাহার, রোকেয়া বেগম, মোঃ মোয়াজ্জেম হোসেন ও মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু উপস্থিত ছিলেন।

চুক্তির লক্ষ্য ছিলি ঝনাইদহ সদর থানাএলাকায় সরকারী এবং স্বেচ্ছাসেবী সংগঠনের সমন্বিত উদ্যোগে নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক ব্যক্তিদের জন্য সেবার মান বৃদ্ধি ও সহজতর করা এবং একটি সহিংস মুক্ত শান্তিময় সমাজ গঠন করা।

ঝিনাইদহে খালকাঁটার উদ্বোধন

করলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ

পুকুর কাঁটাসহ নানা কারণে সৃষ্ট জলাবদ্ধতা দুরীকরণে বিএডিসির সেচ বিভাগের অর্থায়ণে জেলাব্যাপী খালকাটা কর্মসুচি চালুকরা হয়েছে।

সোমবার ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটী খালের সাড়ে ৫ কিলোমিটার পুনঃখনন কাজের উদ্বোধন করেন জেলা প্রশাসক সেরাজ কুমার নাথ। জেলা প্রশাসক এ সময় ভেকু গাড়ি দিয়ে নিজেই খাল কেটে উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানের সময় সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যড আব্দুর রশিদ, সদর উপজেলা নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ, জেলা তথ্য কর্মকর্তা আবুবকর সিদ্দিক, বিএডিসির ঝিনাইদহ জোনের সহকারী প্রকৌশলী মাযহারুল ইসলাম, সাধুহাটী বীজ উৎপাদন খামারের উপ-পরিচালক আলতাফ হোসেন,

বিএডিসির উপ-সহকারী প্রকৌশলী সৌরভ কুমার, সাধুহাটী ইউনিয়নের চেয়ারম্যান কাজী নাজির উদ্দীন, সাগান্না ইউনিয়নের চেয়ারম্যান আলাউদ্দীন আল মামুন ও মধুহাটী ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী আলতাফ হোসেন বিশ্বাস, সাধুহাটীর ইউপি মেম্বর মুরসালী, মতিয়ার মালিথা ও সাংবাদিক গিয়াসউদ্দীস সেতু প্রমুখ উপস্থিত ছিলেন।

বিএডিসি সুত্রে জানা গেছে, সাধুহাটী ফার্ম থেকে সদর উপজেলার চোরকোল পয়েতাপুর পর্যন্ত সাড়ে ৫ কিলোমিটার খাল কাটা হবে এতে ব্যয় হবে।

ঝিনাইদহ বিএডিসির উপ-সহকারী প্রকৌশলী সৌরভ কুমার জানান, জেলা ব্যাপী খাল পুনঃখননের অংশ হিসেবে সদরের বংকিরা গ্রামের কাজলের খাল, রাঙ্গিয়ার পোতা দোলতেমারা খাল, কুশাবাড়িয়া, কালিকাপুরের চাতরার খাল, নিজপুটিয়া ও শৈলকুপার দুলালপুর মিলে প্রায় ২৭ কিলোমিটার খালকাটা হয়েছে।

এ জন্য দুইলটে ব্যয় হচ্ছে প্রায় ৩৪ লাখ টাকা। খাল খনন ও পুনঃখননের ফলে জলাবদ্ধতা দুর হবে বলে কৃষকরা জানিয়েছেন।

নির্বাচন কমিশনের পদত্যাগের দাবিতে ঝিনাইদহে বিএনপির মানববন্ধন

নির্বাচন কমিশনের ব্যার্থতায় দেশব্যাপী পৌরসভা নির্বাচনে অনিয়মের অভিযোগ এনে নির্বাচন কমিশনের পদত্যাগের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির জেলা কার্যালয়ে সামনে এ কর্মসূচীর আয়োজন ঝিনাইদহ পৌর বিএনপি।

এতে ব্যানার ফেস্টুন দলটির জেলা, উপজেলা ও পৌর শাখার নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

কর্মসূচী জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এসএম মশিয়ুর রহমান, সদস্য সচিব এম এ মজিদ, যুগ্ম আহ্বায়ক জাহিদুজ্জামান মনা, থানা বিএনপির আহ্বায়ক মুন্সী কামাল আজাদ পান্নু, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাসহসহ অন্যান্যরা।

বক্তারা, প্রথম ধাপে অনুষ্ঠিত পৌরসভা নির্বাচনে অনিয়মের অভিযোগ তুলে অবিলম্বে প্রধান নির্বাচন কমিশনারসহ সব কমিশনারের পদত্যাগ দাবী করেন।

গাংনীতে স্বতন্ত্র প্রার্থীর উপর হামলা ও রিভলবার ছিনতাইয়ের

অভিযোগ

মেহেরপুরের গাংনী পৌর নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম ও তার সমর্থকদের উপর হামলার ঘটনা ঘটেছে। আজ সোমবার দুপুর আড়াইটার দিকে শিশিরপাড়া গ্রামে এ ঘটনাটি ঘটে।

এ ঘটনায় স্বতন্ত্র প্রার্থী ও বর্তমান মেয়র আশরাফুল ইসলাম ও তার ৫ কর্মী এবং আওয়ামী লীগ প্রার্থীর চার কর্মী আহত হয়। হামলাকারীরা স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলামের ব্যক্তিগত রিভলবার ছিনিয়ে নিয়ে ফাঁকাগুলি বর্ষণ করে পালিয়ে যায় বলে অভিযোগ আশরাফুল ইসলামের।

এদিকে আশরাফুল ইসলামের বিরুদ্ধে আগ্নেয়াস্ত্র ব্যবহারের অভিযোগ তুলে আইনী ব্যবস্থা গ্রহণের দাবী জানান আওয়ামীলীগ প্রার্থী আহম্মেদ আলী।

আহতদের কয়েক জনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

এদের মধ্যে আওয়ামী লীগ প্রার্থীর কর্মী নাজমুল হোসেন (৩৫), উজ্জল হোসেন (২৫) ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থক রোকনুজ্জামানকে
(২৫) হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম জানান, সোমবার দুপুরে তিনি ও সমর্থকরা শিশিরপাড়ায় নির্বাচনী প্রচারে গেলে আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদ আলীর সমর্থকরা অতর্কিত হামলা চালিয়ে আশরাফুল ইসলামসহ ছয় জনকে আহত করে।

এসময় হামলাকারীরা আশরাফুল ইসলামের কাছে থাকা ৯ রাউন্ড গুলিসহ ব্যক্তিগত রিভলবার (৭.৬ ক্যালিবার) ছিনিয়ে নিয়ে ফাঁকা গুলি বর্ষণ করে পালিয়ে যায়।

সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে পাল্টা অভিযোগ করে আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদ আলী বলেন, নির্বাচনের সময় ব্যক্তিগত বৈধ আগ্নেয়াস্ত্র অবৈধ হিসেবে বিবেচিত। আশরাফুল ইসলামের আগ্নেয়াস্ত্রটি জব্দ ও তাকে গ্রেপ্তারের দাবী

জানান তিনি।

এ বিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বিষয়টি খতিয়ে দেখে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

শৈলকুপায় মাসিক আইনশৃংখলা সভার উপস্থিতি দেখে সবাই হতাশ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা কার্য়ালয়ের সম্মেলন কক্ষে সোমবার ১০-৩০ মিনিটের সময় মাসিক আইন শৃংখলা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার কানিজ ফাতেমা লিজার সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। আসন্ন শৈলকুপা পৌরসভা নির্বাচনকে সামনে রেখে এ সভা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ কিন্তু সভায় ১৪ চেয়ারম্যান এর মধ্যে উপস্থিত ছিল শুধুমাত্র ১ জন চেয়ারম্যান বাকিরা সবাই অনুপস্থিত।

বিভিন্ন দপ্তরের প্রধানরা বেশীরভাগ অনুপস্থিত ছিল। আইনশৃংখলা সভার উপস্থিতি এমন দেখে সবাই হতাশা প্রকাশ করে।

উপজেলা নির্বাহী অফিসার বলেন, মাসিক আইন শৃংখলা সভার উপিস্থিতির ব্যাপারে সবাইকে সময়মত হাজির থাকার কথা বলা হবে, আশা করি সবাই কথা শুনবে এবং সবাইকে উপস্থিত থাকার ব্যাপারে পদক্ষেপ নেয়া হবে।

সভায় বক্তব্য রাখেন এসিল্যান্ড পার্থ প্রতিম শীল, উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালু, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মনোয়ার হোসেন মালিথা, প্রেসক্লাব সভাপতি এম হাসান মুসা ও সাধারণ সম্পাদক শাহীন আক্তার পলাশসহ প্রমুখ।